



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ

বাংলাদেশ উন্নয়নশীল দেশে উত্তরণের মর্যাদা লাভ করায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা-কে ববি উপাচার্যের অভিনন্দন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৮ ফেব্রুয়ারি ২০২১খ্রিঃ।

বঙ্গবন্ধুর জন্মশতবর্ষ ও মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপনের এই মাহেন্দ্রক্ষণে বাংলাদেশ স্বল্পোন্নত (এলডিসি) দেশের তালিকা থেকে বের হয়ে উন্নয়নশীল দেশে উত্তরণের মর্যাদা লাভ করায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা-কে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। উপাচার্য মহোদয় বলেন, এই স্বীকৃতি দেশের জন্য গৌরব ও সম্মানের। মাননীয় প্রধানমন্ত্রীর সময়োপযোগী ও দূরদর্শী নেতৃত্বের কারণে বাংলাদেশ আজ এ গৌরব অর্জনে সক্ষম হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর দেখানো পথ ধরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আজ আত্মমর্যাদাশীল দেশ হিসেবে বিশ্বে প্রতিষ্ঠিত। বঙ্গবন্ধুর জন্মশতবর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তীকে সামনে রেখে দেশের এই অর্জন ঐতিহাসিক বলে মনে করেন উপাচার্য মহোদয়। উল্লেখ্য, গত ২৬ ফেব্রুয়ারি ২০২১ তারিখ জাতিসংঘের “কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসি (সিডিপি)” এর ত্রিবার্ষিক মূল্যায়নের পর এলডিসি থেকে উত্তরণের চূড়ান্ত সুপারিশ লাভ করে বাংলাদেশ। সিডিপি তিনটি সূচকের ভিত্তিতে এলডিসি দেশ থেকে উত্তরণের বিষয়টি পর্যালোচনা করে। আর বাংলাদেশ তিনটি সূচকেই শর্ত পূরণ করে এগিয়ে যাওয়ায় জাতিসংঘের “কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসি (সিডিপি)” এ সিদ্ধান্ত গ্রহণ করে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস